# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 29-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) রেমাল ঘূর্ণীঝড়ের প্রভাবে রাজ্যের বেশ কয়েকটি জেলায় স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত। ঝড়-বৃষ্টি ও ভূমিধ্বসের ফলে রাজ্যে ৬ জন লোকের মৃত্যু।

২) রেমাল ঘূর্ণীঝড়ের প্রভাবে মুশলধারা বৃষ্টির ফলে উত্তর-পূর্বাঞ্চলের কয়েকটি রাজ্যে বিস্তর ক্ষয়ক্ষতি। মিজোরামে ভূমিধ্বসে মৃত্যু হওয়া লোকের সংখ্যা বৃদ্ধি পেয়ে ২৯ জন। মণিপুরের বেশ কয়েকটি শহর প্লাবিত। বরাক উপত্যকার সবকটি নদীর জলস্তর বৃদ্ধি।

৩) লোকসভা নির্বাচনের সপ্তম পর্যায়ের নির্বাচনী প্রচারের শেষ দিন আগামীকাল। পয়লা জুন ভোটগ্রহণ অনুষ্ঠেয় দেশের ৭ টি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৭ টি আসনের জন্য শাসক-বিরোধীদের প্রচার অব্যাহত।

এবং

৪) নিউ হাফলং এবং বান্দরখাল রেলস্টেশনের মধ্যে রেললাইনে ধ্বস পড়ার ফলে কয়েকটি ট্রেন পরিষেবা বাতিল এবং সময়সূচির আংশিক পরিবর্তন।

---------------------------------------------------------------------------

ঘূর্ণীঝড় রেমালের প্রভাবে গত কয়েকদিন থেকে ঝড় এবং ভারী বৃষ্টিপাতের ফলে আসাম সহ উত্তরপূর্বাঞ্চলের বেশ কয়েকটি রাজ্যের স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হয়েছে ।ঝড় , ভারী বৃষ্টি এবং ভূমিধসের ফলে আসামে এপর্যন্ত ৬ জন , মিজোরামে ২৯ জন এবং মেঘালয়ে একজন লোকের প্রাণহানী ঘটেছে ।মুশলধারে বৃষ্টিপাতের সঙ্গে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার ফলে বেশ কিছু অঞ্চলে গাছ , বিদ্যুতের খুঁটি উপড়ে পড়ায় বিদ্যুৎ সরবরাহ ব্যহত হওয়া সহ ইন্টারনেট পরিষেবাও ব্যাহত হচ্ছে ।গুয়াহাটী লালগণেশের কৃষ্ণনগরে ভূমি ধসের ফলে আজ দুবছরের একটি শিশুর মৃত্যু হয় ।এদিকে বিলাসিপারায় প্রচন্ড ঝড়ে একটি অটোরিক্সা উল্টে যাওয়ায় একজন শিক্ষার্থীর মৃত্যু হয় এবং তার মা গুরুতর আহত হয় ।আসামে গতকাল ভারী বৃষ্টিপাত এবং ভূমিধসের ফলে ৪ জনের মৃত্যু হয় এবং ১২ জন শিক্ষার্থী সহ ১৭ জন লোক আহত হয় ।

এদিকে রাজ্য সরকার আজ সাম্প্রতিক দূর্যোগ প্রশমন ও ব্যবস্থাপনার জন্য ১০০ কোটি টাকা মঞ্জুর করেছে ।রাজস্ব এবং দূর্যোগ প্রশমন বিভাগের মন্ত্রী যোগেন মোহন আজ শিবসাগর জেলা আয়ুক্ত কার্যালয় থেকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার সঙ্গে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে এক বৈঠকে মিলিত হয়ে এই বিষয়ে জানান ।বর্ষার সময় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্পর্কে আয়োজিত এই বৈঠকে বিশেষ করে রেমাল ঘূর্ণীঝড়ের প্রভাবে সৃষ্টি হওয়া পরিস্থিতি সম্পর্কে আলোচনা করা হয় ।বৈঠকে ঘূর্ণিঝড় এবং ভারী বৃষ্টিপাতের ফলে হওয়া ক্ষয়ক্ষতি হ্রাস করার বিষয় সহ ক্ষতিগ্রস্থ লোকেদের সহায়তা করার বিষয় নিয়েও বিস্তারিত আলোচনা করা হয় ।বৈঠকে মন্ত্রী শ্রী মোহন সম্ভাব্য বন্যা মোকাবিলা করার জন্য প্রস্তুত থাকতে সংশ্লিষ্ট সব বিভাগকে নির্দেশ দেন ।

---------------------------------------------------------------------------

মিজোরামে ধারাবাহিক বৃষ্টিপাত সহ ঝড়ের পরিপ্রেক্ষিতে বেশ কয়েকটি ভূমিধ্বসে আজ আইজল জেলায় ২৯ জনের মৃত্যু হয়েছে ।আজ  জেলার আরো দুটি এলাকা থেকে দুটি মৃতদেহ উদ্ধার করা হয়েছে বলে পুলিশ আধিকারিক

জানিয়েছেন ।এদিকে আইজলের সীমান্ত এলাকার মেথুমে পাথর কোয়ারীতে ভুমিধ্বসের ফলে মৃত্যু হোয়া লোকের সংখ্যা বৃদ্ধি পেয়ে ১৫ হয়েছে । এবং হিলমেনে ভূমিধ্বসে নিহতের সংখ্যা হয়েচে ৫ । এদিকে মেলথুমের কাছে ভুমিধ্বসে বেশ কয়েকটি বাসগৃহ ভেঙে পড়ে ৪ জনের মৃত্যু হয়েছে । ভুমিধ্বসের স্থানগুলিতে উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে ,যদি ও প্রতিকূল আবহাওয়ার জন্য উদ্ধার কাজে সমস্যার সৃষ্টি হচ্চে । মুখ্যমন্ত্রী লাল্ডুহোমা ভুমিধ্বসে নিহত লোকেদের পরিবারকে ৪ লক্ষ টাকা করে এককালীন সাহায্য ঘোষনা করেছেন ।রাজ্যের শিক্ষাপ্রতিষ্ঠানগুলি বন্ধ রয়েছে শুধু আত্যাবশ্যকীয় সামগ্রী সংগ্রহের জন্য জনসাধারণকে বাইরে যেতে অনুমতি দেয়া হয়েছে ।

এদিকে মণিপুরে ধারাবাহিক বৃষ্টির ফলে বহু এলাকা জলমগ্ন হয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে ।রাজ্যের মধ্য দিয়ে প্রবাহিত হোয়া কয়েকটি নদীর জলস্তর বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে ।এদিকে ভূমিধ্বস ও বৃষ্টির ফলে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়েছে ।

---

গত দুদিনের ভাড়ি বৃষ্টিপাতের ফলে ডিমা হাসাও জেলায় ও জনজীবন ব্যহত হচ্ছে ।বিশেষ করে জেলাটির সড়ক যোগাযোগ ব্যবস্থা ক্ষতিগ্রস্থ হয়ে হয়েছে । হাফলং - শিলচর সড়কের হারাঙ্গাজাওয়ের কাছে সড়কের অংশ ধসে পড়ায় ঐ সড়কটি সম্পূর্ণরূপে যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে । এছাড়া হাফলং - হারাঙ্গাজাও এবং মাহুর - লাইসং সড়কের কয়েকটি স্থানে ধস পড়ার ফলে বহু যানবাহন আটকা পড়েছে ।ঝড়ের তান্ডবে বহু গাছপালা , বিদ্যুতের খুঁটি উপড়ে পড়েছে । বহু বাসগৃহের ক্ষতিসাধন হয়েছে ।জেলা প্রশাসনের পক্ষ থেকে জনসাধারণকে প্রয়োজন ছাড়া ঘর থেকে বের না হওয়ার আহ্বান জানানো হয়েছে ।

---

বরাক উপত্যাকার তিন জেলায়ও ভারী বৃষ্টিপাত এবং ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার ফলে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে । ভারী বৃষ্টিপাতের ফলে বরাক , কুশিয়ারা সহ অন্যান্য নদীগুলোর জলস্তর বৃদ্ধি পাওয়ার ফলে বহু নীচু এলাকা প্লাবিত হয়েছে ।শিলচর শহরের কিছু কিছু নীচু এলাকা বৃষ্টির জমা জলে আবদ্ধ রয়েছে । এদিকে কেন্দ্রীয় জল কমিশন সূত্রে জানানো হয়েছে

আজ বিকেল তিনটেয় বরাকনদী বিপদ সীমা অতিক্রম করেছে ।ভূমি ধসের ফলে বরাক উপত্যাকার সঙ্গে ত্রিপুরা , মিজোরাম ও মণিপুরের সড়ক যোগাযোগ ব্যবস্থাও বিচ্ছিন্ন হয়ে পড়েছে ।

---------------------------------------------------------------------------

শিলচরের কেন্দ্রীয় জল আয়োগ সূত্রে জানানো হয়েছে যে আজ সন্ধ্যা সাতটায় অন্নপূর্নঘাটে বরাক নদীর জল বিপদ সীমার ৫৭ সেন্টিমিটার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে । এখানে জল ঘন্টায় ১২ সেন্টিমিটার করে বাড়ছে । আয়োগ সূত্রে আকাশবানীকে আরো জানানো হয়েছে যে সন্ধ্যা ছটা পর্য্যন্ত লক্ষীপুরে বরাক এবং করিমগঞ্জে কুশিয়ারা নদীর জল বাড়ছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় গত দুদিন থেকে লাগাতার ঝড় এবং মুশলধারে বৃষ্টিপাতের ফলে করিমগঞ্জ শহরের বিভিন্ন এলাকায় জমা জলে জন জীবন ব্যহত হচ্ছে ।বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠান ঘড় বাড়ি ইত্যাদিতে বৃষ্টির জমা জল প্রবেশ করেছে । জেলার প্রধান তিনটি নদী কুশিয়ারা লঙ্গাই ও সিংলা নদীর জলস্তর বৃদ্ধি পাচ্ছে ।এদিকে আছিমগঞ্জের দুর্লভপুর , মুড়াউরী বারইগ্রাম গ্রামপঞ্চায়তের দুটি বাঁধ ভেঙ্গে কিছু অঞ্চল প্লাবিত হয়েছে বলে আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন ।প্রশাসনের তৎপরতায় ঐ এলাকার জনসাধারণের জন্য ইলাশপুরে আশ্রয়স্থল খোলা হয়েছে ।করিমগঞ্জের জেলা আয়ুক্ত বিভাগীয় আধিকারীকদের নিয়ে আজ লঙ্গাই নদীর একাধিক ভাঙ্গন এলাকা পরিদর্শন করেন ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কালাছরা ও তসলা এলাকায় জলসম্পদ বিভাগের দুটি বাধ ভেঙে যাওয়ার ফলে পূর্ব হাইলাকান্দির ৫০ টি গ্রাম প্লাবিত হয়েছে।প্রতিবেশী রাজ্য মিজোরামে অতিমাত্রায় বৃষ্টি ও ঘূর্নিঝর রেমালের প্রভাবে হাইলাকান্দিতে বন্যা সদৃশ পরিস্থিতির সৃষ্টি হয়েছে । এদিকে বেশকিছু পূর্তসড়ক ও জলে ডুবে যাওয়ায় যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়েছে । হাইলাকান্দি জেলা প্রশাসন এই পরিস্থিতিতে উচ্চ সতর্কতা জারী করা সহ পূর্ব

হাইলাকান্দির বেশ কয়েকটি বিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার নির্দেশ দিয়েছে ।

-----------------------------------------------------------------------

বন্যা পরিস্থিতি মোকাবিলায় হাইলাকান্দি জেলার সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। আজ সাংবাদিকদের সাথে মতবিনিময়ে একথা জেলা আয়ুক্ত নিসর্গ হিবরে গৌতম জানিয়েছেন। তিনি জানান যে, জনসম্পদ বিভাগের দুটি বাঁধ কালাছড়াও নতুনবাজার এলাকায় ভেঙে যাওয়ার পরিপ্রেক্ষিতে লালা হাইলাকান্দি ও কাটলীছড়া রাজস্ব চক্রের কয়েকটি গ্রাম প্লাবিত হয়েছে। প্রশাসন বানাক্রান্তদের জন্য লালা ও হাইলাকান্দিতে দুটি আশ্রয় শিবির খোলার পরিকল্পনা হাতে নিয়েছে। তাছাড়া নদীতে মাছ ধরা এবং বৃষ্টিপাতের সময় কৃষি কার্য ইত্যাদিতে প্রশাসন নিষেধাজ্ঞা জারি করেছে। জেলায় পর্যাপ্ত পরিমাণের ত্রাণ সামগ্রী মজুদ থাকার কথা ও উল্লেখ করেন জেলা আয়ুক্ত গৌতম।

-----------------------------------------------------------------------

হাইলাকান্দি পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে ভারী বৃষ্টিপাতের ফলে হাইলাকান্দি পূর্ত বিভাগের অর্ন্তগত ৫ টি গ্রামীন সড়ক জলমগ্ন হয়ে পড়েছে ।সড়কগুলি হলো শ্রী কোনা - মোহনপুর পূর্ত সড়কের ১২ কিলোমিটার অংশের ৩০০ মিটার এলাকা , কৈয়া - দীননাথপুর পূর্ত সড়কের ২০০ মিটার এলাকা , কাটলীছড়া -ভেটারবন্দ পূর্ত সড়কের ৪ কিলোমিটার অংশে ৫০ মিটার এলাকা এবং ৬ নম্বর জাতীয় সড়কের জামিয়া থেকে দামছড়া পূর্ত সড়কের তিন কিলোমিটার অংশে ৮০০ মিটার এলাকা এবং আব্দুল্লাহপুর নতুন বাজার পূর্ত সড়কের তিন কিলোমিটার অংশে ৬ মিটার এলাকা ।

-----------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার দূর্যোগ মোকাবিলা বিভাগের মূখ্য কার্য্যবাহী আধিকারী এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে মাটিজুড়িতে কাটাখাল সেতুর এপ্রোচ অংশের মাটি ভারী বর্ষনের ফলে ক্ষতিগ্রস্ত হওয়ায় ওই সেতু দিয়ে ভারী যান চলাচল নিষিদ্ধ ঘোষনা করেছেন । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জনসাধারনের জীবন ও সম্পত্তি রক্ষার্থে এই নির্দেশ জারী করা হয়েছে ।

-----------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের সপ্তম তথা অন্তিম পর্যায়ের জন্য আগামীকাল প্রচার

অভিযান সমাপ্ত হবে ।এই পর্যায়ে আগামী পয়লা জুন ৭ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৫৭ টি আসনে ভোট গ্রহণ করা হবে ।সপ্তম পর্যায়ে মোট ৯০৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ।দেশের বিভিন্ন প্রান্তে শেষ পর্যায়ের নির্বাচনের জন্য প্রচার অভিযান তুংগে উঠেছে ।

বিজেপির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবংগের মথুরাপুরে নির্বাচনী সমাবেশে অংশ গ্রহণ করে তার ভাষনে বলেন যে বর্তমানে বিশ্বের বিভিন্ন প্রান্তের মানুষ ভারতের দিকে সম্মানের সহিত দৃষ্টি নিক্ষেপ করে । প্রধানমন্ত্রী গতকাল সন্ধ্যায় কোলকাতায় একটি রোড শোতে অংশ গ্রহণ করেন । এর আগে শ্রী মোদী উত্তর চব্বিশ পরগনা জেলার বারাসাত লোকসভা আসনের অধীন অশোক নগরে একটি নির্বাচনী সভায় ভাষন দেন ।

ঝাড়খন্ডে ও নির্বাচনী প্রচার জোরদার হয়ে উঠেছে । বিজেপি , জে এম এম , কংগ্রেস , আর জে ডি , এ জে এস ইউ ও বাম দল বিভিন্ন দলের নেতারা ভোটদাতাদের মন জয় করার জন্য রোড শো সহ স্থানে স্থানে নির্বাচনী জনসভায় অংশ নেওয়া পরিলক্ষিত হচ্ছে । বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ ডুংকা ও গোদ্দায় দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী সভায় ভাষন দেন ও রোড শোতে অংশ গ্রহণ করেন । এদিকে জে এম এমের নেত্রী কল্পনা সোরেণ গতকাল শ্বাহিবগঞ্জে একটি নির্বাচনী সমাবেশে ভাষন দেবার সময় তার স্বামী তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনকে ষড়যন্ত্র করে কারাগারে প্রেরণ করা হয়েছে বলে মন্তব্য করেন ।

বিহারে সপ্তম পর্যায়ের নির্বাচনের জন্য প্রচার তুংগে উঠেছে । এন ডি এ মহামিত্রজোট ও অন্যান্য রাজনৈতিক দলের নেতারা রাজ্যে ব্যাপক প্রচার অব্যাহত রেখেছেন ।বিজেপির প্রবীন নেতা তথা উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্য নাথ গতকাল পাটনা শহর ও আরা আসনে তিনটি নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন ।এদিকে জে ডি ইউর সভাপতি তথা বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার গতকাল নালন্দা লোকসভা আসনের জন্য একাধিক নির্বাচনী সভায় ভাষন দেন । অন্যদিকে আর জে ডি প্রধান লালু প্রসাদ যাদব গতকাল পাটলীপুত্র আসনের জন্য বেশ কয়েকটি জনসভায় অংশ গ্রহণ করে ভাষন দেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে লামডিং ডিভিশনের অধীন নিউ হাফলং- বান্দরখাল রেল স্টেশনের মধ্যে রেল লাইনে ধ্বস পড়ার ফলে কিছু ট্রেনের পরিষেবা বাতিল এবং সময়সূচি আংশিক পরিবর্তন করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আগামীকাল শিলচর-গৌহাটী , দূর্লভছড়া -গৌহাটী , শিলচর -রঙ্গিয়া , আগরতলা-লোকমান্য তিলক এক্সপ্রেস , আগরতলা-গৌহাটী বিশেষ যাত্রী ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে ।

---

হাইলাকান্দি শহরের সরকারী ভিক্টোরিয়া মেমোরিয়াল হাইয়ার সেকেন্ডায়ী স্কুলের ভোট গণনা কেন্দ্রে করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের অধীন হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রের ভোট গণনা আগামী চৌঠা জুন সকাল ৮টা থেকে শুরু হবে । এ উপলক্ষ্যে জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে ভিক্টোরিয়া মেমোরিয়াল স্কুলের দুটি হল ঘরে ভোট গণনা করা হবে এবং প্রতিটিতে ১৪টি করে টেবিল থাকবে ।

---

করিমগঞ্জ জেলায়ও আগামী চৌঠা জুন লোকসভা নির্বাচনের ভোট গণনা অনুষ্ঠিত হচ্ছে । এ উপলক্ষ্যে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে পোষ্টাল ব্যালট পেপারের ভোট গণনার দায়িত্বে নিয়োজিত আধিকারীক , গণনা কর্মী , পর্য্যবেক্ষকদের নিয়ে একটি প্রশিক্ষন সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় অন্যান্যদের অতিরিক্ত আয়ুক্ত ধ্রুবজ্যোতি দেব , আনিস রসুল মজুমদার , মির্নাভা দেবী আরম্বাম প্রমূখ উপস্থিত ছিলেন ।

---